



ঢাকা বিশ্ববিদ্যালয় বৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

২০২৪ সনের এইচ.এস.সি/ আলিম পরীক্ষার ফলাফলের উপর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ১ম বর্ষে অধ্যয়নরত বোর্ড বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে আবেদনের জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় ডকুমেন্ট জরুরী ভিত্তিতে সংগ্রহ করে শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করার জন্য নির্দেশ দেওয়া হলো। পরবর্তীতে আরেকটি বিজ্ঞপ্তির মাধ্যমে বৃত্তির টাকা প্রাপ্তির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েবসাইটে অনলাইন আবেদনের লিংক, আবেদনের পদ্ধতি ও সময়সীমা উল্লেখ করে দেয়া হবে।

- ১। শিক্ষার্থীর নিজস্ব বিভাগীয় ই-মেইল আইডি সংগ্রহ করতে হবে। (বিভাগ কর্তৃক সরবরাহকৃত)
- ২। শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক একাউন্ট করতে হবে (বোর্ড থেকে প্রকাশিত গেজেট পাতার নামের সাথে মিল রেখে)। একাউন্ট অবশ্যই তফসিলভুক্ত অনলাইন সেবায়ুক্ত ১৩ থেকে ১৭ ডিজিটের হতে হবে।
- ৩। চেক পাতার ছবি/ Bank Statement copy অনলাইনে বৃত্তির আবেদনের সময় আপলোড করতে হবে তাই শিক্ষার্থীকে ব্যাংক কর্তৃক সরবরাহকৃত (MICR) চেকবই/ ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করতে হবে।
- ৪। শিক্ষার্থীর স্ব স্ব কলেজ থেকে প্রাপ্ত বৃত্তির প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।
- ৫। শিক্ষার্থীর স্ব স্ব বোর্ড থেকে প্রকাশিত বোর্ড বৃত্তির গেজেটের কপি সংগ্রহ করতে হবে। (যে পাতায় শিক্ষার্থীর নাম আছে)
- ৬। শিক্ষার্থীর এইচ. এস. সি/ আলিম পরীক্ষার Academic Transcript এর কপি সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য, মূল আবেদনের সময়সীমা সংক্ষিপ্ত হওয়ায় বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের উল্লেখিত ডকুমেন্টের সফট কপি সংরক্ষণ করার জন্য বিশেষভাবে নির্দেশ দেয়া হলো।

স্মারক নং/রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/ ১১০৯২ - ৩১

তারিখঃ ২৬/৪/১৪৩২
১০/৫/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

- ৬। পরিচালক, ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর, ঢাকা বিশ্ববিদ্যালয়। (পরিচিতিমূলক তথ্য

বিবরণীতে সংযুক্ত করার অনুরোধসহ)

- ৭। ছাত্র উপদেষ্টা, সকল বিভাগ/ ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়। (শিক্ষার্থীদের এই সংক্রান্ত বিষয়ে বিশেষভাবে সতর্কতার জন্য অবহিতের ব্যবস্থা নেওয়ার অনুরোধসহ)